## পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্পের উদ্ভাবনমূলক (ইনোভেটিভ) আইডিয়া শেয়ারিং সংক্রান্ত সভার কার্যবিবরণী

১। পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্পে নাগরিক সেবায় যে সকল ইনোভেটিভ উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে সেসকল ইনোভেটিভ আইডিয়া শেয়ারিং এবং ডকুমেন্টেশনের জন্য বিগত ০৬/০৯/২০২২ তারিখ পিকেএসএফ-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪ ড. তাপস কুমার বিশ্বাস এর সভাপতিত্বে সকাল ১০.৩০ ঘটিকায় ২১৫ নং কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জনাব জিয়াউদ্দিন ইকবাল, সিনিয়র মহাব্যবস্থাপক (এসইআইপি প্রকল্প); ড. শরীফ আহম্মদ চৌধুরী, মহাব্যবস্থাপক (পিপিইপিপি প্রকল্প); ড. একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক (এলআইসিএইচএস প্রকল্প); ড. তৌফিক হাসান, উপ মহাব্যবস্থাপক (গবেষণা);জনাব হাবিবুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক (পেইস প্রকল্প); জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী মহাব্যবস্থাপক (সমৃদ্ধি); ড. মেসবাহউদ্দিন আহমেদ, সহকারী মহাব্যবস্থাপক (এমডিপি প্রকল্প); জনাব কামরুন্নাহার, ব্যবস্থাপক (গবেষণা); জনাব মোঃ মজনু সরকার, উপ-ব্যবস্থাপক (আরএমটিপি প্রকল্প); জনাব আবু হায়াৎ মোঃ রাহাত হোসেন, উপ-ব্যবস্থাপক (এসইপি প্রকল্প) ও জনাব জি.এম হুমায়ুন আজম, উপ-ব্যবস্থাপক (বিডি রুরাল ওয়াশ প্রকল্প) উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন পিকেএসএফ-এর বিভিন্ন প্রকল্পে নাগরিক সেবায় বিভিন্ন রকমের ইনোভেটিভ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসকল ইনোভেটিভ কার্যক্রম পিকেএসএফ-এর ইনোভেশন কমিটির সদস্যদের অবগত হওয়া প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। তিনি, বিভিন্ন প্রকল্পে উদ্ভাবিত কোন কার্যক্রম যদি টিসিভি (TCV) মেনে চলে অর্থাৎ নতুন উদ্ভাবিত কার্যক্রমটি যদি টাইম, কস্ট ও ভিজিট চলমান কার্যক্রমের চেয়ে কম হয় তবে সেই কার্যক্রমটিকে সৃজনশীল/ইনোভেটিভ কার্যক্রম বলা হবে বলে উল্লেখ করেন। তিনি ইনোভেটিভ কার্যক্রমগুলোকে ভবিষ্যতে সকলের কাছে তুলে ধরার জন্য ডকুমেন্টেশন করার বিষয়েও গুরুত্বারুপ করেন। ড. একেএম নুরুজ্জামান ইনোভেশন কমিটির প্রাক্তন ইনোভেশন অফিসার হিসেবে পিকেএসএফ-এর ইনোভেশন কমিটি গঠনের প্রেক্ষিত বর্ণনা করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ র্কতক প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ এর আলোকে ও দিক-নির্দেশনায় পিকেএসএফ-এ একটি ইনোভেশন টিম নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে কাজ করছে। তিনি পিকেএসএফ-এর বিভিন্ন ইনোভেটিভ উদ্যোগের মধ্য যে সকল উদ্যোগ কেবল মাত্র নাগরিক সেবার সাথে সংশ্লিষ্ট এবং টিসিভি মেনে চলে সেসকল উদ্যোগ/উদ্ভাবনগুলোকেই ইনোভেটিভ উদ্যোগ হিসেবে বিবেচনা করার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন।

সভায় বিভিন্ন প্রকল্পের উদ্ভাবিত বিভিন্ন উদ্যোগ নিয়ে যেসকল আলোচনা করা হয় তা নিয়ে উল্লেখ করা হলো:

### ২.১) SEIP প্রকল্পের আওতায় Caregiving বিষয়ক প্রশিক্ষণ

জনাব জিয়াউদ্দিন ইকবাল, সিনিয়র মহাব্যবস্থাপক (এসইআইপি প্রকল্প) বলেন, দেশের অর্থনৈতিক উন্নতি এবং পরিবারের কর্মক্ষম ব্যক্তিরা বিশেষ করে নারীরা কর্মমূখী হওয়ায় পরিবারের অসুস্থ, শিশু ও বয়স্কদের জন্য প্রথাগত পারিবারিক কেয়ার সিস্টেমের পরিবর্তনের ফলে প্রতিনিয়ত পেশাদার কেয়ারগিভারের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। যার প্রেক্ষিতে, পিকেএসএফ নিজস্ব অর্থায়নে ২০১৬-১৭ সালে ২টি প্রতিষ্ঠানের মাধ্যমে কেয়ারগিভিং এর সম্ভাবনা যাচাইয়ের লক্ষ্যে পাইলট প্রজেক্ট বাস্তবায়ন করে। এরই ধারাবাহিকতায় পিকেএসএফ সরকারের অর্থায়নে SEIP প্রকল্পের মাধ্যমে Caregiving বিষয়ক প্রশিক্ষণ শুরু করেছে। প্রশিক্ষণ প্রকল্প মেয়াদের (মার্চ ২০২২-ডিসেম্বর ২০২৩) মধ্যে ১৮০০ জন তরুণকে Caregiving বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি নাগরিক সেবার চাহিদার নিরিখে উক্ত কার্যক্রমটিকে ইনোভেটিভ কার্যক্রম হিসেবে বিবেচিত হতে পারে বলে মত প্রকাশ করেন।

**২.২) পেইস প্রকল্পের আওতায় বাণিজ্যিক ভিত্তিতে নগর বর্জ্য হতে উৎপাদিত জৈব সার ব্যবহারের মাধ্যমে সবজি চাষীদের আয় বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি করা**

জনাব হাবিবুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক বলেন ফরিদপুর জেলার সদর ও বোয়ালমারী উপজেলায় বাণিজ্যিক ভিত্তিতে নগর বর্জ্য হতে উৎপাদিত জৈব সার ব্যবহারের মাধ্যমে সবজি চাষীদের আয় বৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টি শীষক পেইস প্রকল্পের আওতায় একটি উপ-প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পরে উদ্দশ্যে হলো কৃষকদের জৈব সার ব্যবহারে অভ্যস্থকরণ, প্ল্যান্ট এবং উদ্যোক্তা পর্যায়ে বর্জ্য হতে জৈব সার উৎপাদন করা, কৃষকদের নিরাপদ পদ্ধতিতে সাধারণ ও উচ্চ মূল্যের শাক-সবজি চাষে অভ্যস্থকরণ, দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠির মজুরি ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি করা। এই প্রকল্পের আওতায় মোট ৬০২৫ জন সদস্য নিয়ে বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করা হচ্ছে। তিনি উক্ত কার্যক্রমটিকে ইনোভেটিভ কার্যক্রম হিসেবে বিবেচনার জন্য উল্লেখ করেন।

**২.৩) পিপিইপিপি প্রকল্পের আওতায় লাইভলিহুড ম্যাপিং কার্যক্রম**

ড. শরীফ আহম্মদ চৌধুরী, মহাব্যবস্থাপক (পিপিইপিপি প্রকল্প) বলেন, প্রসপারিটি প্রকল্পের কর্মএলাকাসমূহের মধ্যে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে লবণাক্ততা, উত্তর-পূর্বাঞ্চলসহ হাওর এলাকায় বন্যা, বরেন্দ্র এলাকায় খরাসহ ভৌগলিক অবস্থানগত কারনে বিভিন্ন এলাকার বিভিন্ন বৈশিষ্ট্য বিদ্যমান। জলবায়ু পরিবর্তনজনিত কারনে আয়বর্ধনমূলক কর্মকান্ডের প্রকার ও প্রকৃতি পরিবর্তন হচ্ছে। ফলে এককে এলাকায় এককে ফসল বা আর্থিক কর্মকান্ড ভাল হয়। প্রসপারিটি প্রকল্পভুক্ত কর্মএলাকায় লবণাক্ততা, জলাবদ্ধতা, বন্যার ঝুঁকি ইত্যাদি এলাকার কৃষি পরিবেশগত অবস্থান, ঐতিহ্য এবং বাজার সুবিধা বিবেচনা করে সম্ভাব্য আয়বর্ধনমূলক কর্মকান্ড সনাক্তকরণ এবং মাঠ পর্যায়ে এর সম্ভাব্যতা যাচাই করার প্রক্রিয়াই হলো লাইভলিহুড ম্যাপিং। লাইভলিহুড ম্যাপিং এর মাধ্যমে কৃষিজ এবং অকৃষিজ কর্মকান্ড সনাক্তকরণ করে অতিদরিদ্র সদস্যদের টেকসই আর্থিক কর্মকান্ড খুঁজে বের করা হয় যা ইনোভেটিভ কর্মকান্ড হিসেবে বিবেচিত হতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

**২.৪) আরএমটিপি প্রকল্পের আওতায় গবাদিপ্রাণির হোটেল**

জনাব মোঃ মজনু সরকার, উপ-ব্যবস্থাপক বলেন, পিকেএসএফ ও ইফাদ এর যৌথ অর্থায়নে পরিচালিত Rural Microenterprise Transformation Project (RMTP) –এর আওতায় স্থানীয় এনজিও এনডিপি কর্তৃক বাস্তবায়নাধীন “নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের কামারখন্দ উপজেলার বড়ধুল হাট সংলগ্ন খামারে প্রায় ২০০ ধারণক্ষমতার একটি গবাদিপ্রাণির হোটেলে বর্তমানে প্রতিদিন গড়ে ১৫০টি গরু এবং ১০জন ব্যাপারী থাকে। এই হোটেলে ১টি গরুর থাকা ও খাওয়া বাবদ ব্যাপারীকে ৫০টাকা এবং নিজের থাকা বাবদ ১৫০টাকা দিতে হয়। এই উপ-প্রকল্প হতে হোটেলটির আধুনিকায়ন করতে প্রাণীদের চিকিৎসার জন্য ডাক্তারদের বসার জায়গা, প্রাণীর ওজন মাপার মেশিন, ড্রেনেজ সুবিধা, আলো বাতাস চলাচলের জন্য ভেন্টিলেশনের ব্যবস্থা, মেকানাইজেশন, বায়োগ্যাসের মাধ্যমে নিজস্ব এনার্জি উৎপাদন ইত্যাদি সহযোগিতা দেয়া হচ্ছে। এই ধরনের হোটেল ব্যবস্থাপনার কনসেপ্ট যদি বাংলাদেশে বিদ্যমান অবশিষ্ট ১৪৮টি নিবন্ধনকৃত হাটে ছড়িয়ে দেয়া সম্ভব হয় তবে একদিকে গবাদিপ্রাণিরা পাবে আরামদায়ক পরিবেশ অন্যদিকে এই কর্মকান্ডের মাধ্যমে অনেক মানুষের কর্মসংস্থান সৃষ্টি সম্ভব হবে। তিনি গবাদিপ্রাণির হোটেল এ কার্যক্রমটি নাগরিক সেবায় ইনোভেটিভ উদ্যোগ হিসেবে বিবেচনার জন্য উল্লেখ করেন।

Kam

**২.৫) বিডি রুরাল ওয়াশ প্রকল্পের আওতায় Twin Pit টয়লেট সুবিধা**

জনাব জি.এম হুমায়ুন আজম, উপ-ব্যবস্থাপক (বিডি রুরাল ওয়াশ প্রকল্প) বলেন পিকেএসএফ, বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) এর আর্থিক সহায়তায় মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি' শীর্ষক প্রকল্পটি দেশের নির্বাচিত ৪টি বিভাগে ১৮টি জেলার ৭৮টি উপজেলায় বাস্তবায়ন করছে। এই প্রকল্পের অন্যতম খাত হলো স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নির্মাণ করা। এই প্রকল্পের মাধ্যমে উদ্যোক্তাগণ গ্রামীণ এলাকার দরিদ্র মানুষকে তাদের সাধ্যের মধ্যে পরিবার পর্যায়ে পানির ব্যবস্থাসহ একটি স্বাস্থ্যসম্মত দুই গর্তের অফসেট ল্যাট্রিন-এর ব্যবস্থা করা। এই প্রকল্পের আর্কষণীয় দিক হলো সুদের হার কম (১৮%), প্রতিটি নতুন টয়লেটে প্রতি ২য় পিট নির্মাণের জন্য প্রণোদনা বাবদ সদস্যকে ৩০০০ টাকা অনুদান দেয়া, তালিকাভুক্ত প্রশিক্ষিত স্থানীয় উদ্যোক্তাদের দ্বারা ওয়ান স্টপ পরিষেবা, দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া, উন্নত এবং সাশ্রয়ী প্রযুক্তির সাথে আধুনিক নকশা, লিঙ্গবান্ধব পরিষেবা, পরিবেশ বান্ধব স্যানিটেশন ব্যবস্থা, মল বর্জ্য ব্যবস্থাপনার জন্য কম খরচে প্রযুক্তি ইত্যাদি। তিনি উক্ত প্রকল্পের আওতায় Twin Pit টয়লেট সুবিধা কার্যক্রমটি একটি ইনোভেটিভ উদ্যোগ হিসেবে বিবেচনার জন্য উল্লেখ করেন।

**২.৬) সমৃদ্ধি কর্মসূচির আওতায় ''প্রবীণ সোনালী উদ্যোগ (টি-স্টল)'' শীর্ষক উদ্যোগ**

জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী মহাব্যবস্থাপক (সমৃদ্ধি) বলেন, দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অগ্রগতি ও মানব মর্যাদা নিশ্চিতকরণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন কার্যক্রমকে টেকসই করার লক্ষ্যে পিকেএসএফ বর্তমানে বিভিন্ন অন্তর্ভুক্তিমূলক সেবা প্রদান কার্যক্রমকে নানাভাবে বিন্যাস করেছে। এ প্রেক্ষিতে, দারিদ্র্য দূরীকরণে বহুমাত্রিক কর্মসূচির অংশ হিসেবে এবং প্রবীণদের সার্বিক কল্যাণে পিকেএসএফ ২০১৬ সাল থেকে ''প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি'' শীর্ষক একটি কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। এ কর্মসূচি'র আওতায় সমৃদ্ধি ইউনিয়নসমূহে প্রবীণদের আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করে কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেয়া হয়েছে। বিভিন্নমুখী কর্মসংস্থানের অংশ হিসেবে প্রতিটি ইউনিয়নে পিকেএসএফ-এর আর্থিক সহায়তায় (অনুদান প্রদানের মাধ্যমে) একজন করে কর্মক্ষম প্রবীণ-কে 'প্রবীণ সোনালী উদ্যোগ (টি-স্টল)'- শীর্ষক শিরোনামে একটি টি-স্টল স্থাপন করা হচ্ছে যা ইনোভেটিভ আইডিয়ার অন্তর্ভুক্ত হতে পারে বলে তিনি উল্লেখ করেন।

**২.৭) এসইপি প্রকল্পের আওতায় পরিবেশের দূষণ রোধে স্ল্যাগরিসাইক্লিং এর মাধ্যমে আয়বৃদ্ধিকরণ কার্যক্রম বাস্তবায়ন**

জনাব আবু হায়াৎ মোঃ রাহাত হোসেন, উপ-ব্যবস্থাপক (এসইপি প্রকল্প) বলেন, ক্ষুদ্র উদ্যোগের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে বিশ্ব ব্যাংক ও পিকেএসএফ-এর আর্থিক এবং কারিগরি সহায়তায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ফাউন্ড্রি কারখানা ও ওয়ার্কশপ এর পণ্যের গুনগত মান উন্নয়ন, পরিবেশবান্ধব মডেল কারখানা স্থাপন, উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ এবং ফাউন্ড্রি কারখানায় সৃষ্ট বর্জ্য (স্ল্যাগ) রিসাইক্লিং এর মাধ্যমে পুনরায় ব্যবহারযোগ্য পরিবেশ বান্ধব পণ্য উৎপাদন করা উপ-প্রকল্পটির অন্যতম উদ্দেশ্য। স্ল্যাগ মূলত ফাউন্ড্রি কারখানার কাস্ট আয়রণ ডালাই প্রক্রিয়ায় উৎপাদিত অব্যবহৃত অংশ, যা বর্তমানে পরিত্যক্ত উপাদান হিসাবে যত্রতত্র ফেলার কারনে মাটি ও পানি দূষণ হচ্ছে। উপ প্রকল্পের আওতায় ফাউন্ড্রি কারখানার সৃষ্ট বর্জ্য স্ল্যাগ ব্যবহার করে হলো ব্লক/ব্রিকস উৎপাদন করা হচ্ছে। এছাড়া, তিনি প্রকল্পের বিভিন্ন ব্যবসা গুচ্ছের আওতায় কমন সার্ভিস একটিভিটিস যেমন: ডিজাইন সেন্টার-এর কার্যক্রম, ফিনিশিং ফ্যাক্টরি-এর কার্যক্রম, পরিবেশ বান্ধব অটোমেটিক মেশিনের কার্যক্রম ইত্যাদি ইনোভেটিভ আইডিয়া হিসেবে বিবেচনার জন্য মত প্রকাশ করেন।

**২.৮) এমডিপি প্রকল্পের আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণ ফেরত**

ড. মেসবাহউদ্দিন আহমেদ, সহকারী মহাব্যবস্থাপক (এমডিপি প্রকল্প) বলেন, তাঁর প্রকল্পের আওতায় কিছু সহযোগী সংস্থার সদস্যরা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঋণের টাকা ফেরত দিচ্ছে যা ইনোভেটিভ আইডিয়া হিসেবে বিবেচিত হতে পারে বলে তিনি মত প্রকাশ করেন।

৩) সভাপতি পিকেএসএফ-এর সকল উদ্ভাবন ডকুমেন্টেশন করার লক্ষ্যে বিভিন্ন ইউনিট ও প্রকল্পের উদ্ভাবনসমূহের তথ্য পিকেএসএফ-এর চীফ ইনোভেশন অফিসারকে প্রেরণের জন্য বিগত ২৫ জানুয়ারি ২০২২ তারিখ একটি অফিস স্মারক জারির কথা উল্লেখ করেন। তিনি বলেন, বিভিন্ন ইউনিট ও প্রকল্প হতে এ বিষয়ে আশানরূপ সাড়া না পাওয়ায় উপস্থিত সকলকে উক্ত স্মারকে উল্লিখিত ছকের আলোকে স্ব স্ব প্রকল্পের তথ্য ইনোভেশন অফিসার বরাবর প্রেরণের বিষয়ে পুনরায় অনুরোধ করেন। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

TKBiswas
20/07/2022
**(ড.তাপস কুমার বিশ্বাস)**
উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪

**সভায় উপস্থিত সদস্যদের তালিকা:** পরিশিষ্ট-ক

**অনুলিপি :**

১. ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ
২. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (সকল)
৩. অংশগ্রহণকারী সকল সদস্য
৪. ইনোভেশন টিমের সদস্য (সকল)
৫. আই এন্ড টি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৬. পিএ টু ডিএমডি-৪
৭. সংশ্লিষ্ট নথি।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পরিশিষ্ট: ক

# পিকেএসএফ-এর ইনোভেটিভ আইডিয়া শেয়ারিং সংক্রান্ত সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ড. তপন কুমার বিশ্বাস | DMD | TK Biswas |
| ২ | মো: জিয়াউদ্দিন ইকবাল | SGM | [signature] |
| ৩ | শরীফ আহমদ চৌধুরী | GM | [signature] |
| ৪ | এ কে এম নুরুজ্জামান | GM | [signature] |
| ৫ | তৌফিক হাসান | DGM | [signature] |
| ৬ | আবু হায়াত মোঃ রাহাত হোসেন | DM | [signature] |
| ৭ | [illegible] হুমায়ুন কবির | DM | [signature] |
| ৮ | ড. মেসবাহউদ্দিন আহমেদ | AGM | [signature] |
| ৯ | মো. লুৎফর রহমান | AGM | [signature] ০৬/০৯/2022 |
| ১০ | মো: মজনু সরকার | DM | [signature] |
| ১১ | মো: হাবিবুর রহমান | AGM | [signature] ০৬/০৯/2022 |
| ১২ | কামরুল্লাহ [illegible] | M | [signature] ৬/৯/2022 |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |